

সীম্যান্স এডুকেশন ট্রাস্ট ফান্ড ও পরিচালনা কমিটি

পটভূমি : লন্ডনস্থ ক্ল্যান স্টীমার কোম্পানী এর ক্ল্যান কীথ জাহাজ ১৯৬১ইং সনে ভূমধ্যসাগরে নিমজ্জিত হলে তদানীন্তন ৫১ জন বাংলাদেশী নাবিক (তদকালীন পাকিস্তানী) প্রাণ হারান। নিহত নাবিকদের জীবন ক্ষতিপূরণ প্রদানের পর উক্ত কোম্পানী নিহতদের সন্তানদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য ১৯৬২ইং সনে এককালীন সাহায্য হিসেবে ১০,০০০ পাউন্ড প্রদান করেন। প্রথম উক্ত টাকা দিয়ে লন্ডনে ট্রেজারী বিল ক্রয় করা হয়। পরবর্তিতে উক্ত মূলধনের পরিমাণ- ৪,২০,০০০/- টাকায় উন্নীত হয়। উক্ত মূলধন ০৩(তিন) বৎসর মেয়াদী স্থায়ী আমানত হিসেবে রেখে উক্ত স্থায়ী আমানত হতে যে পরিমাণ মুনাফার টাকা পাওয়া যায়। প্রাপ্ত মুনাফার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রতি বৎসর মৃত, অক্ষম ও অবসর প্রাপ্ত নাবিক সন্তানদের মধ্যে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়ে আসছে। নাবিক কল্যাণ ফান্ড কমিটির ১৫তম সভার সিদ্ধান্তের ধারাবাহিকতায় নৌ-পরিবহন অধিদপ্তরের আদেশের প্রেক্ষিতে সরকারী শিপিং অফিসে নাবিকদের লগফাইন হিসাবে রক্ষিত দাবিদারবিহীন অর্থ উক্ত ট্রাস্ট ফান্ডের তহবিলে জমা হয়। পূর্বের ৪,২০,০০০/-টাকা ও বর্নিত খাত থেকে প্রাপ্ত ২২,৮০,০০০/- সর্বমোট ২৭,০০,০০০/-টাকা বর্তমানে সীম্যান্স এডুকেশন ট্রাস্ট ফান্ডের মোট মূলধন। উক্ত মূলধন এর অর্থ স্থায়ী আমানত হিসেবে রেখে উক্ত স্থায়ী আমানত হতে যে পরিমাণ মুনাফার টাকা পাওয়া যায়। প্রাপ্ত মুনাফার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রতি বৎসর মৃত, অক্ষম ও অবসর প্রাপ্ত নাবিক সন্তানদের মধ্যে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়ে আসছে। ২০১৫-১৬ অর্থ বছরে স্কুল-কলেজে অধ্যয়নরত ৬২ (বাষট্টি) জন ছাত্র-ছাত্রীকে (নাবিক সন্তান) মোট ১,৯৬,৫০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত) টাকা শিক্ষা সহায়তা বাবদ থোক অনুদান প্রদান করা হয়।

সীম্যান্স এডুকেশন ট্রাষ্ট ফান্ড পরিচালনা কমিটি

১	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সভাপতি
২	শিপিং মাস্টার, সরকারী শিপিং অফিস, চট্টগ্রাম	সদস্য
৩	বিদেশী জাহাজ মালিক প্রতিনিধি	সদস্য
৪	উপ-পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।	সদস্য সচিব